

## কিভাবে অনুপস্থিতের ব্যালট অনুরোধ করবেন – ২ আগস্ট

আপনি ২<sup>রা</sup> আগস্টের প্রাথমিক নির্বাচনে অনুপস্থিতের ব্যালটের মাধ্যমে বাড়ি থেকে ভোট দিতে পারবেন।

আবেদন করার জন্য, শুধু **Michigan.gov/Vote** ঠিকানায় যান এবং আপনার ড্রাইভিং লাইসেন্স বা স্টেট আইডি নম্বরসহ কিছু ব্যক্তিগত তথ্য দিয়ে আপনার পরিচয় নিশ্চিত করুন।

আপনার আবেদন জমা দিতে বাটন চাপুন এবং আপনার ব্যালটটি মেইলে আসার জন্য অপেক্ষা করুন।

এছাড়াও অন্যান্য উপায়ে আপনি আবেদন করতে পারেন।

আপনি **Michigan.gov/Vote** থেকে একটি আবেদনপত্র প্রিন্ট করতে পারেন, এটি পূরণ করে স্বাক্ষর করুন, তারপরে একটি ছবি তুলুন এবং এটি আপনার ক্লার্কের অফিসে ইমেইল বা মেইল করুন অথবা এটি তার অফিসে নিয়ে আসতে পারেন। আপনি যদি **২৩শে জুন থেকে ১লা আগস্ট বিকাল ৪ টার মধ্যে** আপনার ক্লার্কের অফিসে যান, তাহলে আপনি সেখানে থাকাকালীন আবেদন করতে এবং ভোট দিতে পারবেন এবং এক ড্রিপে সব শেষ করতে পারবেন।

আপনি **Michigan.gov/Vote**-এ আপনার ক্লার্কের ফোন নম্বর ও ঠিকানা পেয়ে যাবেন।

আপনি যদি আপনার ব্যালটটি আপনার কাছে পাঠানোর জন্য আবেদন করেন তাহলে আপনি **Michigan.gov/Vote** ঠিকানায় আপনার ব্যালটটি ট্র্যাক করতে পারেন এবং ক্লার্ক কখন আপনার আবেদন পেয়েছেন এবং কখন আপনার ব্যালট ইস্যু করেছেন সেসব দেখতে পারবেন।

আপনার আবেদন জমা দিতে আপনি যে বিকল্পই বেছে নেন না কেন, অনুগ্রহ করে আপনার দ্রুততম সুযোগে সম্পন্ন করুন। যত তাড়াতাড়ি ভোটাররা ক্লার্কদের জানাবে যে তারা অনুপস্থিতভাবে ভোট দিতে চায়, নির্বাচনটি সবার জন্য তত মসৃণ হবে।